

মেহেরপুরের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে অধিক অর্থ আদায়ের অভিযোগ

মেহেরপুর জেলা সংবাদদাতা :
আগামী বছরের মার্চ মাসে শুরু হবে এসএসসি পরীক্ষা। মেহেরপুর জেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ফরম ফিলাপের সময় দুর্নীতি ও স্বৈচ্ছাচারিতার অভিযোগ পাওয়া গেছে। ফরম ফিলাপের আগে এ পরীক্ষা উপলক্ষে কোচিং ফি'র নামে বোর্ড নির্ধারিত হারের চেয়ে কয়েকগুণ বেশী অর্থ আদায় করা হচ্ছে। ফলে পরীক্ষার্থী ও অভিভাবক

বিদ্যালয় পরিচালনা পরিষদের সিদ্ধান্তক্রমেই নেয়া হয়। কোচিং করানোর উদ্দেশ্যে কোচিং ফি নেয়া হয়। কিন্তু পরীক্ষার্থীরাই শেষ পর্যন্ত কোচিং-এ অংশগ্রহণ করে না। তবে পরীক্ষার্থী এবং অভিভাবকরা বলছে ভিন্ন কথা। বিনা রসিদে অতিরিক্ত ফি আদায় সংক্রান্ত বিষয়টি খতিয়ে দেখার জন্য দাবী করা হয়েছে বিভিন্ন মহল থেকে।

সূত্রে জানা গেছে, বোর্ডের নির্দেশ অনুযায়ী এসএসসি পরীক্ষার ফরম ফিলাপ বাবদ প্রতি পরীক্ষার্থীর ৬শ' টাকা এবং নির্ধারিত বেতন পরিশোধ করার কথা। কিন্তু বিদ্যালয় কর্তৃপক্ষ বিভিন্ন উন্নয়ন কার্যক্রম, কোচিং ফি ও অন্যান্য ফিসহ ১৩শ' থেকে ১৭শ' টাকা পর্যন্ত আদায় করছে। এভাবে অতিরিক্ত অর্থ আদায় করা হলেও তার কোন রসিদ দেয়া

হচ্ছে না। বিনা রসিদে এভাবে অর্থ নেয়ার অভিভাবক মহলে বিভিন্ন প্রতিক্রম্যার সৃষ্টি হয়েছে। ছেলেমেয়েদের পরীক্ষা দেয়াতে হবে তাই অভিভাবক মহলকে বিদ্যালয় কর্তৃপক্ষের এ ধরনের দুর্নীতি ও স্বৈচ্ছাচারিতা নীরবে সহ্য করতে হচ্ছে। অতিরিক্ত ফি আদায়ের ব্যাপারে বিদ্যালয় কর্তৃপক্ষের অভিমত, বোর্ডের নির্ধারিত ফি বাদে অন্যান্য যেসব ফি আদায় করা হয় তা